গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সদর, কক্সবাজার
www.sadar.coxsbazar.gov.bd

০৪ জৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ

স্মারক নম্বর : ০৫.২০.২২২৪.০০০.৩৩.০০১.২০২৬- ৫৫২ তারিখ: ১৮ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

**পবিত্র ঈদ-উল-আযহা ২০২৬ উপলক্ষে অস্থায়ী পশুর হাট ইজারা বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এর স্থানীয় সরকার শাখার স্মারক নং- ০৫.২০.২২০০.১২৬.১১.০৪২.২০২৫-২৯৮, তারিখ : ১৭ মে, ২০২৬ মূলে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক ঈদ-উল-আযহা/২০২৬ উপলক্ষে সদর উপজেলাধীন নিম্নবর্ণিত অস্থায়ী কোরবানির পশুর হাট ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে পৃথক পৃথক ভাবে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। শর্তাবলী সম্বলিত দরপত্রের সিডিউল নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী দরপত্র দাখিলের নির্ধারিত অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, কক্সবাজার হতে নির্ধারিত নগদ মূল্যে (অফেরত যোগ্য) ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। দরপত্র সমূহ দরপত্র দাখিলের দিন দুপুর ১.০০ ঘটিকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর ও সহকারী কমিশনার (ভূমি) কক্সবাজার সদর এ রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। ঐ দিন উপজেলা নির্বাহী অফিসার, সদর,কক্সবাজার এর কার্যালয়ে দুপুর ২.০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত তারিখে দাখিলকৃত দরপত্র বিধি অনুযায়ী গ্রহণযোগ্য না হলে বা দরপত্র পাওয়া না গেলে পুনরায় দরপত্র গ্রহণ করা হবে।

কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

**কক্সবাজার সদর উপজেলার ঈদ-উল-আযহা/২০২৬ উপলক্ষে অস্থায়ী পশুর হাটের তালিকা**

| ক্রমিক নং | বাজারের নাম | বাজারের অবস্থান | সরকারি মূল্য | সিডিউল মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|
| ০১ | খুরুশকুল ইউনিয়ন পরিষদের মাঠ | খুরুশকুল ইউনিয়ন পরিষদ মাঠ | ১,০০০০০ (এক লক্ষ ) | প্রতি সিডিউলের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা |
| ০২ | জুমছড়ি চেরাংঘর বাজার পিএমখালী | চেরাংঘর বাজার, পিএমখালী | ১,০০০০০ (এক লক্ষ ) | প্রতি সিডিউলের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা |
| ০৩ | ভারুয়াখালী বাজার ও ভারুয়াখালী আনু মিয়ার বাজার | ভারুয়াখালী বাজার | ১,০০০০০ (এক লক্ষ ) | প্রতি সিডিউলের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা |
| ০৪ | মোহসিনিয়া পাড়া বাজার, পিএমখালি | মোহসিনিয়া পাড়া পিএমখালী | ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) | প্রতি সিডিউলের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা |
| ০৫ | নতুন মহাল ভাংগার মুড়া, চৌফলদন্ডি | নতুন মহাল চৌফলদন্ডি | ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) | প্রতি সিডিউলের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা |
| ০৬ | চৌফলদন্ডী বাজার | চৌফলদন্ডী | ১,০০০০০ (এক লক্ষ ) | প্রতি সিডিউলের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা |

০২। দরপত্র প্রাপ্তির স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কক্সবাজার সদর
০৩। দরপত্র দাখিল/জমা দেয়ার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কক্সবাজার সদর ও সহকারী কমিশনার (ভূমি) সদর,কক্সবাজার এর কার্যালয়।

০৪। দরপত্র বিক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র খোলার সময়সূচী এবং টোল আদায় :

| দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|
| ১৯-০৫-২০২৬ খ্রি: তারিখ সকাল ০৯.০০টা হতে বিকাল ০৪.০০টা পর্যন্ত | ২০-০৫-২০২৬ খ্রি: তারিখ সকাল ০৯.০০টা হতে দুপুর ০১.০০টা পর্যন্ত | ২০-০৫-২০২৬ খ্রি: তারিখ দুপুর ০২.০০টায় |

**টোল আদায় হার**

| পশুর নাম | বিক্রয় মূল্য | টোলের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| গরু/মহিষ | ১ লক্ষ টাকা পর্যন্ত | ৫০০/- | বিক্রিত পশুর টোল বিক্রেতা প্রদান করবেন। |
| | ১ লক্ষ ১ টাকা থেকে ১ লক্ষ ৫০ হাজার টাকা পর্যন্ত | ১০০০/- | |
| | ১ লক্ষ ৫০ হাজার টাকার উর্ধ্বে | ১৫০০/- | |
| ছাগল/ভেড়া | ১০ হাজার টাকা পর্যন্ত | ২০০/- | |
| | ১০ হাজার ১ টাকা থেকে ২০ হাজার টাকা পর্যন্ত | ৩০০/- | |
| | ২০ হাজার টাকার উর্ধ্বে | ৪০০/- | |

**অস্থায়ী পশুর হাট ইজারার শর্তাবলী :**

০১। **দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ১০০% অর্থ এবং দরপত্রে উল্লিখিত দরের উপর ১০% জামানত, ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সাথে আলাদাভাবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উপজেলা নির্বাহী অফিসার, সদর,কক্সবাজার বরাবর**

CamScanner

**দাখিল করতে হবে।** অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। ইজারা গ্রহীতা অস্থায়ী পশুর হাট চলাকালীন সময়ে নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখিবেন এবং নিজ খরচে পরিষ্কার না করলে ও অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পন করা হবে।

০২। ডিজিটাল সেন্টারের মাধ্যমে ডিজিটাল প্লাটফর্মে অস্থায়ী পশুর হাট আয়োজনের বিষয়ে অগ্রাধিকার প্রদান করতে হবে।

০৩। কোরবানীর অস্থায়ী পশুর হাট ব্যবস্থাপনা এবং পশু কোরবানীকালীন স্বাস্থ্য বিভাগ প্রণীত গাইড লাইন যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।

০৪। সড়ক/মহাসড়কে যানবাহন নির্বিঘ্নে চলাচলের সুবিধার্থে জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের উপর বা সন্নিকটে কোন ক্রমেই অস্থায়ী পশুর হাট বসানো যাবে না। এ নির্দেশনা অমান্যকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে বিধি মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। পশুর হাটে পশুর সুস্থতা যাচাই করার জন্য ভেটেরিনারি চিকিৎসক/সার্জন এর অবস্থান নিশ্চিত করতে হবে।

০৬। কেবলমাত্র সর্বোচ্চ দরদাতার বরাবরে ইজারা প্রদান করা হবে। উল্লেখ্য, কোন বাজারের একটি মাত্র দরপত্র পাওয়া গেলেও দাখিলকৃত ইজারা মূল্য যদি কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হয়, সেক্ষেত্রে একক দরপত্রের ভিত্তিতে ইজারা প্রদান করা হবে।

০৭। ইজারাদারকে কোথাও কোন গর্ত বা মাটি কাটা ইত্যাদি যে কোন বে-আইনি কাজ থেকে সম্পূর্ণ বিরত থাকতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। অস্থায়ী পশুর হাট হতে টোল/হাসিল আদায় সংক্রান্ত সরকারি বিধি বিধান মেনে চলতে হবে।

০৯। সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রদত্ত ইজারার মেয়াদ ঈদ-উল-আযহা ২০২৬-এর পূর্বদিন পর্যন্ত।

১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

১৮/০৫/২৬

**তাহমিনা আক্তার**
উপজেলা নির্বাহী অফিসার
সদর, কক্সবাজার
ফোন: ০২-৩৩৩৩৪৬৭৫৭ ফ্যাক্স : ০২-৩৩৩৩৪৬৭৬৭
E-mail : unocoxsbazar@mopa.gov.bd

স্মারক নং-০৫.২০.২২৩২.০০০.০০.০০০.২০২৬-৫৫২

তারিখ : ৩১ বৈশাখ, ১৪৩৩ / ১৪ মে, ২০২৬

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৩। জেলা প্রশাসক, কক্সবাজার
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার
০৫। পুলিশ সুপার, কক্সবাজার
০৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ......................................., কক্সবাজার
০৭। সহকারী কমিশনার (ভূমি), কক্সবাজার সদর, কক্সবাজার
০৮। উপজেলা ...............................................................কর্মকর্তা,কক্সবাজার সদর
০৯। অফিসার ইনচার্জ, সদর মডেল থানা, কক্সবাজার (তাঁকে আগামী ১৯-০৫-২০২৬ খ্রি: তারিখ দরপত্র দাখিল ও খোলার জন্য ধার্য দিনে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
১০। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, কক্সবাজার শাখা, কক্সবাজার
১১। চেয়ারম্যান, .......................................ইউনিয়ন পরিষদ (সকল),, কক্সবাজার (তাঁকে বিজ্ঞপ্তিটি জনসমাগম স্থানে এবং সংশ্লিষ্ট হাট-বাজার এলাকায় মাইক/ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, কক্সবাজার সদর (তাঁকে বিজ্ঞপ্তিটি জনসমাগম স্থানে এবং সংশ্লিষ্ট হাট-বাজার এলাকায় মাইক/ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো।)
১৩। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, .......................................................................................। (বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে আগামী ........................ খ্রি: তারিখ তাঁর পত্রিকার যে কোন পাতায় ১০ ফন্ট হিসেবে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪। জনাব..........................................................., ১৪৩৩ বাংলা সনের ইজারাদার,..........................................হাটবাজার, কক্সবাজার সদর (তাঁকে অস্থায়ী পশুর হাটের ইজারা কার্যক্রমে অংশগ্রহণ/ইজারা গ্রহীতাকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য বলা হলো।)
১৫। প্রোগ্রামার, কক্সবাজার সদর, কক্সবাজার (তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)
১৬। নোটিশ বোর্ড/অফিস কপি

১৮/০৫/২৬

উপজেলা নির্বাহী অফিসার
সদর, কক্সবাজার

CamScanner